তারিখ 01 OCT 2016
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক
আমাদের সময়

সিরাজগঞ্জে শিক্ষার্থীকে মারধর

# ফেসবুকে ভিডিও দেওয়ায় ৩ শিক্ষার্থী বহিষ্কার

**সিরাজগঞ্জ প্রতিনিধি ●**

সিরাজগঞ্জের রায়গঞ্জের ধানগড়া মডেল উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির ৩ শিক্ষার্থীকে বহিষ্কার করেছে স্কুল কর্তৃপক্ষ। গত বৃহস্পতিবার দুপুরে তাদের এ বহিষ্কারাদেশ দেওয়া হয়।

জানা গেছে, ধানগড়া মডেল উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণির, ছাত্র গোলাম কিবরিয়াকে (১৩) গত মঙ্গলবার একই স্কুলের ৬ষ্ঠ শ্রেণির ৩ ছাত্র বিনাকারণে ব্যাপক মারধর করে। মারধরের চিত্রটা ভিডিও ধারণ করে সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুকে আপলোড করে দেয়। ভিডিওটি সকলের নজরে এলে এলাকায় তোলাপাড় সৃষ্টি হয়। এক পর্যায়ে বিষয়টি স্থানীয় আইন শৃঙ্খলাবাহিনী ও স্কুল

এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## ফেসবুকে ভিডিও

(প্রথম পৃষ্ঠার পর) কর্তৃপক্ষের নজরে আসে। তাৎক্ষণিক স্কুলের প্রধান শিক্ষক তোফাজ্জল হোসেন স্কুল পরিচালনা কমিটির দায়িত্বশীলদের ডেকে অভিযুক্তদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় সর্ব সম্মতিক্রমে ৩ ছাত্রকে বহিষ্কার করা হয়।

বহিষ্কৃত শিক্ষার্থীরা হচ্ছে পাবনা থানা পুলিশের এসআই শাহজাহান আলীর পুত্র নিলয় পারভেজ, ঝাপড়া তৌহিদুল ইসলামের পুত্র জীম ও ধানগড়া বাগানবাড়ীর আব্দুল মান্নানের পুত্র নাহিদ। ভিডিও ধারণকারী ছাত্র হাসান আলী নির্দোষ প্রমাণিত হয়। এ ব্যাপারে স্কুল পরিচালনা কমিটির সভাপতি হানিফ উদ্দিন সরকার বলেন, ৩ জন বখাটে ছাত্র ৮ম শ্রেণির একজন মেধাবী ছাত্রকে বিনাকারণে মারধর করে ভিডিও সোসাল মিডিয়া ছেড়ে দেওয়ার অপরাধে তাদের স্কুল থেকে বহিষ্কার করা হয়। রায়গঞ্জ থানার ওসি মাহবুবুর রহমান জানান, ঘটনাটি শুনেছি। তবে এ বিষয়ে কোনো মামলা লিখিত অভিযোগ দায়ের হয়নি। কেউ যদি অভিযোগ দেয় তাহলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।